গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

# কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মুহম্মদ শাহীন ইমরান, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ, বেলা : ১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য- সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, সয়াবিন, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারি ফসলের আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদরে মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ বাবদ কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে প্রণোদনা কর্মসূচির ০১টি বরাদ্দ পাওয়া গিয়েছে। কর্মসূচি বাস্তবায়নের জন্য কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখা এর স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৫৮, তারিখ : ০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ মূলে কক্সবাজার জেলায় গম, ভুট্ট, সরিষা ও চিনাবাদাম চাষাবাদ বাবদ ৩৫,০০,১০০/- (পঁয়ত্রিশ লক্ষ একশত) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (পতাকা-গোলাপী)।

## বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়

**সিদ্ধান্ত ১ :** কক্সবাজার জেলায় রবি/২০২৩-২৪ মৌসুমে গম, ভুট্টা, সরিষা ও চিনাবাদাম চাষাবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি (কপি সংযুক্ত) পালন সাপেক্ষে উক্ত কর্মসূচি সমূহ বাস্তবায়নের জন্য উপজেলার আবাদি উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|
| | | গম | ভুট্টা | সরিষা | চিনাবাদাম |
| ১ | চকরিয়া | ১০০ | ১৩০ | ৭৫০ | ৩০ |
| ২ | পেকুয়া | ২০ | ৫০ | ৫০০ | ০ |
| ৩ | রামু | ১০ | ১০০ | ৫০০ | ১০ |
| ৪ | সদর | ১০ | ৮০ | ৪৫০ | ২০ |
| ৫ | উখিয়া | ২০ | ৭০ | ৩৫০ | ১০ |
| ৬ | টেকনাফ | ১০০ | ১২০ | ৩০০ | ১০ |
| ৭ | মহেশখালী | ৩০ | ৭০ | ৩০০ | ২০ |
| ৮ | কুতুবদিয়া | ১০ | ২০ | ৫০ | ২০ |
| | মোট | ৩০০ | ৬৪০ | ৩২০০ | ১২০ |

**জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল ঃ গম, ভুট্টা, সরিষা ও চিনাবাদাম**

| ক্রমিক | উপকরণ/খাত | গম, ভুট্টা, সরিষা ও চিনাবাদাম (বিঘা প্রতি খরচ) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | | | | বিঘাপ্রতি আর্থিক সহায়তা (টাকা) | | | |
| | | গম | ভুট্টা | সরিষা | চিনাবাদাম | গম | ভুট্টা | সরিষা | চিনাবাদাম |
| ১ | বীজ | ২০ | ০২ | ০১ | ১০ | ১৩২০ | ৮০০ | ১৩৭ | ১৭৫০ |
| ২ | ডিএপি সার | ১০ | ২০ | ১০ | ১০ | ১৯০ | ৩৮০ | ১৯০ | ১৯০ |
| ৩ | এমওপি সার | ১০ | ১০ | ১০ | ০৫ | ১৮০ | ১৮০ | ১৮০ | ৯০ |
| | মোট | ৪০ | ৩২ | ২১ | ২৫ | ১৬৯০ | ১৩৬০ | ৫০৭ | ২০৩০ |

**ফসল : গম**

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ১০০ | ১৩২০০০ | ১৯০০০ | ১৮০০০ | ৩৭০০০ | ৫৭০০ | ৪০০০ | ৯৭০০ | ১৭৮৭০০ |
| ২ | পেকুয়া | ২০ | ২৬৪০০ | ৩৮০০ | ৩৬০০ | ৭৪০০ | ১২০০ | ৮০০ | ২০০০ | ৩৫৮০০ |
| ৩ | রামু | ১০ | ১৩২০০ | ১৯০০ | ১৮০০ | ৩৭০০ | ৫০০ | ৪০০ | ৯০০ | ১৭৮০০ |
| ৪ | সদর | ১০ | ১৩২০০ | ১৯০০ | ১৮০০ | ৩৭০০ | ৪০০ | ৪০০ | ৮০০ | ১৭৭০০ |
| ৫ | উখিয়া | ২০ | ২৬৪০০ | ৩৮০০ | ৩৬০০ | ৭৪০০ | ১১০০ | ৮০০ | ১৯০০ | ৩৫৭০০ |
| ৬ | টেকনাফ | ১০০ | ১৩২০০০ | ১৯০০০ | ১৮০০০ | ৩৭০০০ | ৬৩০০ | ৪০০০ | ১০৩০০ | ১৭৯৩০০ |
| ৭ | মহেশখালী | ৩০ | ৩৯৬০০ | ৫৭০০ | ৫৪০০ | ১১১০০ | ২০০০ | ১২০০ | ৩২০০ | ৫৩৯০০ |
| ৮ | কুতুবদিয়া | ১০ | ১৩২০০ | ১৯০০ | ১৮০০ | ৩৭০০ | ৮০০ | ৪০০ | ১২০০ | ১৮১০০ |
| | **মোট** | **৩০০** | ৩৯৬০০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১৮০০০ | ১২০০০ | ৩০০০০ | ৫৩৭০০০ |

**ফসল : ভুট্টা**

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯ -বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ১৩০ | ১০৪০০০ | ৪৯৪০০ | ২৩৪০০ | ৭২৮০০ | ৬০৪০ | ৪১৬০ | ১০২০০ | ১৮৭০০০ |
| ২ | পেকুয়া | ৫০ | ৪০০০০ | ১৯০০০ | ৯০০০ | ২৮০০০ | ২৪০০ | ১৬০০ | ৪০০০ | ৭২০০০ |
| ৩ | রামু | ১০০ | ৮০০০০ | ৩৮০০০ | ১৮০০০ | ৫৬০০০ | ৪৫০০ | ৩২০০ | ৭৭০০ | ১৪৩৭০০ |
| ৪ | সদর | ৮০ | ৬৪০০০ | ৩০৪০০ | ১৪৪০০ | ৪৪৮০০ | ৩৫২০ | ২৫৮০ | ৬১০০ | ১১৪৯০০ |
| ৫ | উখিয়া | ৭০ | ৫৬০০০ | ২৬৬০০ | ১২৬০০ | ৩৯২০০ | ৩৩৬০ | ২২৪০ | ৫৬০০ | ১০০৮০০ |
| ৬ | টেকনাফ | ১২০ | ৯৬০০০ | ৪৫৬০০ | ২১৬০০ | ৬৭২০০ | ৬১৬০ | ৩৮৪০ | ১০০০০ | ১৭৩২০০ |
| ৭ | মহেশখালী | ৭০ | ৫৬০০০ | ২৬৬০০ | ১২৬০০ | ৩৯২০০ | ৩৬৬০ | ২২৪০ | ৫৯০০ | ১০১১০০ |
| ৮ | কুতুবদিয়া | ২০ | ১৬০০০ | ৭৬০০ | ৩৬০০ | ১১২০০ | ১০৬০ | ৬৪০ | ১৭০০ | ২৮৯০০ |
| | **মোট** | **৬৪০** | ৫১২০০০ | ২৪৩২০০ | ১১৫২০০ | ৩৫৮৪০০ | ৩০৭০০ | ২০৫০০ | ৫১২০০ | ৯২১৬০০ |

**ফসল : সরিষা**

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | | | |
| ১ | চকরিয়া | ৭৫০ | ১০২৭৫০ | ১৪২৫০০ | ১৩৫০০০ | ২৭৭৫০০ | ২৩২০০ | ১৫৭৫০ | ৩৮৯৫০ | ৪১৯২০০ |
| ২ | পেকুয়া | ৫০০ | ৬৮৫০০ | ৯৫০০০ | ৯০০০০ | ১৮৫০০০ | ১৬০০০ | ১০৫০০ | ২৬৫০০ | ২৮০০০০ |
| ৩ | রামু | ৫০০ | ৬৮৫০০ | ৯৫০০০ | ৯০০০০ | ১৮৫০০০ | ১৫২০০ | ১০৫০০ | ২৫৭০০ | ২৭৯২০০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | সদর | ৪৫০ | ৬১৬৫০ | ৮৫৫০০ | ৮১০০০ | ১৬৬৫০০ | ১৩৫০০ | ৯৪৫০ | ২২৯৫০ | ২৫১১০০ |
| ৫ | উখিয়া | ৩৫০ | ৪৭৯৫০ | ৬৬৫০০ | ৬৩০০০ | ১২৯৫০০ | ১১০০০ | ৭৩৫০ | ১৮৩৫০ | ১৯৫৮০০ |
| ৬ | টেকনাফ | ৩০০ | ৪১১০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১০১০০ | ৬৩০০ | ১৬৪০০ | ১৬৮৫০০ |
| ৭ | মহেশখালী | ৩০০ | ৪১১০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১০১০০ | ৬৩০০ | ১৬৪০০ | ১৬৮৫০০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০ | ৬৮৫০ | ৯৫০০ | ৯০০০ | ১৮৫০০ | ১৭০০ | ১০৫০ | ২৭৫০ | ২৮১০০ |
| | মোট | ৩২০০ | ৪৩৮৪০০ | ৬০৮০০০ | ৫৭৬০০০ | ১১৮৪০০০ | ১০০৮০০ | ৬৭২০০ | ১৬৮০০০ | ১৭৯০৪০০ |

**ফসল : চিনাবাদাম**

| ক্রমিক | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ৩০ | ৫২৫০০ | ৫৭০০ | ২৭০০ | ৮৪০০ | ১০৫০ | ৭৫০ | ১৮০০ | ৬২৭০০ |
| ২ | পেকুয়া | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩ | রামু | ১০ | ১৭৫০০ | ১৯০০ | ৯০০ | ২৮০০ | ৩৫০ | ২৫০ | ৬০০ | ২০৯০০ |
| ৪ | সদর | ২০ | ৩৫০০০ | ৩৮০০ | ১৮০০ | ৫৬০০ | ৫০০ | ৫০০ | ১০০০ | ৪১৬০০ |
| ৫ | উখিয়া | ১০ | ১৭৫০০ | ১৯০০ | ৯০০ | ২৮০০ | ৩৫০ | ২৫০ | ৬০০ | ২০৯০০ |
| ৬ | টেকনাফ | ২০ | ৩৫০০০ | ৩৮০০ | ১৮০০ | ৫৬০০ | ৯০০ | ৫০০ | ১৪০০ | ৪২০০০ |
| ৭ | মহেশখালী | ২০ | ৩৫০০০ | ৩৮০০ | ১৮০০ | ৫৬০০ | ৯০০ | ৫০০ | ১৪০০ | ৪২০০০ |
| ৮ | কুতুবদিয়া | ১০ | ১৭৫০০ | ১৯০০ | ৯০০ | ২৮০০ | ৪৫০ | ২৫০ | ৭০০ | ২১০০০ |
| | মোট | ১২০ | ২১০০০০ | ২২৮০০ | ১০৮০০ | ৩৩৬০০ | ৪৫০০ | ৩০০০ | ৭৫০০ | ২৫১১০০ |

**সিদ্ধান্ত ২ :** ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত ৩ :** রবি/২০২৩-২৪ মৌসুমে অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক গম প্রণোদনার জন্য ২০ কেজি করে গম বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, ভুট্টা প্রণোদনার জন্য ০২ কেজি করে হাইব্রিড ভুট্টা বীজ, ২০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার, সরিষা প্রণোদনার জন্য ১ কেজি সরিষা বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার এবং চিনাবাদাম প্রণোদনার জন্য ১০ কেজি চিনাবাদাম বীজ , ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন এবং উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কারিগরি সহায়তা প্রদান করবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপরকণ সহায়তা প্রদান করা যাবে।

**সিদ্ধান্ত ৪ :** সরিষা বীজ বিএডিসি এবং আধুনিক প্রযুক্তির মাধ্যমে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প ভুক্ত কৃষক হতে সরাসরি ক্রয় করতে হবে। গম বীজ বিএডিসি হতে (৯০%) এবং আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প অথবা কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়ে) প্রকল্পভুক্ত কৃষক এর নিকট হতে সরাসরি ক্রয় করতে হবে। কোন কারণে নির্ধারিত জাতের বীজ সরবরাহ পাওয়া না গেলে মহাপরিচালবক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের অনুমোদন নিয়ে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান হতে নির্দিষ্ট জাতের মানসম্মত বীজ নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

**সিদ্ধান্ত ৫ :** বিএডিসি কর্তৃক আমদানিকৃত স্থানীয় আবহাওয়া ও এলাকা উপযোগী হেক্টর প্রতি ১২ টন বা ১২ টন এর অধিক ফলনশীল এফ ১ সিঙ্গেল ক্রস হাইব্রিড জাতের ভুট্টা বীজ আর্থিক বিধি মোতাবেক ক্রয় করতে হবে।

**সিদ্ধান্ত ৬ :** এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য গম, ভুট্টা, সরিষা ও চিনাবাদাম বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ ও সার কাঙ্খিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

**সিদ্ধান্ত ৭ :** পরিবহন খাতের অর্থ উপজেলার দুরুত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিকে বিভাজন করতে হবে।

**সিদ্ধান্ত ৮ :** কর্মসুচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক গম, ভুট্টা, সরিষা ও চিনাবাদাম বীজ ও প্রয়োজনীয় সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের নিকট উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত ৯ :** এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারদের নিশ্চিত করতে হবে।

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৯/২০২৩

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার

নম্বর : ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২০. ৭০৫ (৩৪)

তারিখ ঃ ২৬.০৯.২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। উপজেলা চেয়ারম্যান, ........................ উপজেলা পরিষদ (সকল), কক্সবাজার
২। উপজেলা নির্বাহী অফিসার, ...................... (সকল), কক্সবাজার
৩। উপজেলা কৃষি অফিসার, ....................... (সকল), কক্সবাজার
৪। সিনিয়র সহকারী পরিচালক(বীজ)/ উপসহকারী পরিচালক(সার) বিএডিসি ,কক্সবাজার আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহক মারফত প্রণোদনার প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
দৃষ্টি আকষর্নে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৫। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, কক্সবাজার
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৮। অফিস নথি

২৫/০৯/২৩

মো: কবির হোসেন
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।